



সহিংসতা দিয়ে নির্বাচন থামানো সম্ভব নয়: নাসীরুদ্দীন পাটওয়ারী



সংগৃহীত ছবি

হামলা ও মামলার ভয় দেখিয়ে ভোটার পরিবেশ নষ্ট করা যাবে না—এমন হুঁশিয়ারি দিয়েছেন ঢাকা-৮ আসনের প্রার্থী নাসীরুদ্দীন পাটওয়ারী। তিনি বলেন, ভোটাধিকার বাধাগ্রস্ত করার যে কোনো চেষ্টা কঠোরভাবে প্রতিহত করা হবে এবং সূষ্ঠ নির্বাচনের দাবিতে তারা মাঠে থাকবেন।

সোমবার (২৬ জানুয়ারি) রাজধানীর খিলক্ষেতের ডুমনি বাজার এলাকায় গণসংযোগের সময় ১১ দলীয় জোটের ঢাকা-১৮ আসনের প্রার্থী ও এনসিপির সিনিয়র যুগ্ম আহ্বায়ক আরিফুল ইসলাম আবিদের ওপর হামলার ঘটনা ঘটে। এ ঘটনার নিন্দা জানিয়ে পাটওয়ারী বলেন, আগে আওয়ামী লীগের সময় এমন সহিংসতা দেখা যেত, এখন একই চিত্র বিএনপির দিক থেকেও দেখা যাচ্ছে।

নির্বাচন কমিশনের ভূমিকা নিয়েও প্রশ্ন তুলে তিনি অভিযোগ করেন, ইসি সমান সুযোগ নিশ্চিত করতে ব্যর্থ হচ্ছে এবং একটি পক্ষের প্রতি নমনীয় আচরণ করছে।

নির্বাচনী বিধি ভঙ্গের বিষয়ে মাঠপর্যায়ে সতর্ক থাকার আহ্বান জানিয়ে পাটওয়ারী বলেন, নির্বাচিত হলে চিকিৎসকদের ন্যায্য মর্যাদা, শক্তিশালী স্বাস্থ্যব্যবস্থা গড়ে তোলা এবং ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের অব্যবস্থাপনা দূর করে আধুনিকায়নে কাজ করবেন।

এ সময় তিনি গণভোটে ‘হ্যাঁ’ ভোট দিয়ে পুরোনো ব্যবস্থার পরিবর্তনের আহ্বান জানান।